



কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

জনসংযোগ বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.২০৭.০১৭.০০.০০.০৭৪.২০১৪-৪৫


তারিখ: ২৪ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

বিএডিসি ও বাংলালিংক এর মধ্যে চুক্তিপত্র স্বাক্ষরিত

“বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)” এবং মোবাইল অপারেটর “বাংলালিংক” এর মধ্যে বিএডিসি কর্মকর্তাদের মাঝে কর্পোরেট সিম সরবরাহের বিষয়ে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। ০৬ ফেব্রুয়ারি ২০১৭ সোমবার বিএডিসি’র সদর দপ্তর কৃষি ভবনের সম্মেলন কক্ষে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এ চুক্তির মাধ্যমে বিএডিসি’র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে যোগাযোগ দ্রুত ও সহজীকরণের উদ্দেশ্যে কর্মকর্তাদের মাঝে বাংলালিংক কর্পোরেট সিম বিতরণ করা হবে। চুক্তিপত্রে বিএডিসি’র পক্ষে সংস্থার সচিব জনাব তুলসী রঞ্জন সাহা এবং বাংলালিংক এর পক্ষে বিটুবি বিজনেস ডিরেক্টর জনাব মোঃ নেছার ইউসুফ স্বাক্ষর করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিএডিসি’র চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান, সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) জনাব মোঃ মনোয়ারুল ইসলাম, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মাহমুদ হোসেন, সদস্য পরিচালক (অর্থ) জনাব মোহাম্মদ মাহফুজুল হক এবং সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) জনাব মোঃ আব্দুল জলিল। এছাড়া বিএডিসি ও বাংলালিংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। কর্পোরেট সিমের মাধ্যমে বিএডিসি’র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাঝে কমন ম্যাসেজ/ইনস্ট্রাকশন, ভয়েস ম্যাসেজ প্রেরণ করা যাবে। তাছাড়া কৃষকদের নিকট বন্যা পরবর্তী করণীয়, নতুন জাত/প্রযুক্তি/অন্যান্য তথ্য প্রেরণ করা সম্ভব হবে।



(মোঃ জুলফিকার আলী)

জনসংযোগ কর্মকর্তা

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫২২৫৬

ই-মেইল: pro@badc.gov.bd